গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয়ের " বার্ষিক প্রতিবেদন ২০২১" প্রণয়ন ও প্রকাশনা সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মোস্তফা কামাল<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ০১-০৯-২০২২ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত ও ভার্চুয়ালি জুম প্লাটফর্মে সংযুক্ত হয়ে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনায় সভাপতি নৌপরিবহন মন্ত্রণালয়ের "বার্ষিক প্রতিবেদন ২০২১" প্রণয়ন ও প্রকাশনা উদ্যোগ-কে স্বাগত জানিয়ে বলেন, তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রকাশ করা প্রতিটি সরকারি অফিসের কার্যক্রমের অংশ। তেমনিভাবে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন প্রতিষ্ঠায় তথ্য প্রকাশ অতীব গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে এ সকল বিষয় নিশ্চিত করা যায়। উপসচিব (প্রশাসন)-কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন) "বার্ষিক প্রতিবেদন ২০২১" প্রণয়ন ও প্রকাশনা সংক্রান্ত কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন, নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক কমসম্পাদন চুক্তিতে নির্দিষ্ট সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশের কমসূচক রয়েছে। গত ২০২০-২১ মেয়াদে গৃহীত কার্যক্রম/সাফল্য-অর্জনের উপরে ভিত্তি করে, বার্ষিক প্রতিবেদন ২০২০ প্রকাশ করা হয়েছে।

০২। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় বলেন, প্রতিটি দপ্তর/সংস্থার ২০২১-২২ মেয়াদে অর্জিত সাফল্যসমূহ, চলমান কাযIIক্রমসমূহ, সমস্যাসমূহ এবং ভবিষ্যৎ পরিকল্পনা নৌপরিবহন মন্ত্রণালয়ের "বার্ষিক প্রতিবেদন ২০২১"-এ অন্তর্ভুক্ত হবে। তিনি দপ্তর/সংস্থা থেকে প্রেরিত তথ্য/উপাত্ত সংযোজন/বিয়োজন আছে কিনা মর্মে সভায় উপস্থাপনের জন্য দপ্তর/সংস্থার প্রধানগণকে অনুরোধ জানান। সে প্রেক্ষিতে দপ্তর/সংস্থার প্রধানগণ নিম্নরূপভাবে বক্তব্য পেশ করেন:

চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বলেন মহামারী করোনার মধ্যেও চট্টগ্রাম বন্দর স্বাস্থ্যবিধি মেনে অপরারেশনাল কাযIIক্রম নিরবচ্ছিন্নভাবে চালু রেখেছে। লয়েড লিস্ট-এ বিশ্বের সেরা ১০০টি কন্টেইনার পোট এর মধ্যে চট্টগ্রাম বন্দর ৬৭তম থেকে অবস্থান উন্নীত করে ৬৪তম স্থান অর্জন করেছে সে বিষয়টি অনুর্ভুক্ত করা যেতে পারে।

চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ ও স্থল বন্দর কর্তৃপক্ষ বলেন, বার্ষিক প্রতিবেদনে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি/অর্জন-সাফল্য ও গুরুত্বপূর্ণ ছবি অন্তর্ভূক্ত করা যেতে পারে।

চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ বলেন, করোনা কালীন সময়ে বিআইডব্লিউটিএ কর্তৃক প্রণোদনা হিসেবে নৌযান শ্রমিকদের ২৫০০টাকা করে প্রদান করা হয়েছে সে বিষয়টি বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, ২০২১-২২ অথবছরে যে সমস্ত কাযক্রম অর্জিত হয়েছে সে কার্যক্রম ও ছবি অনুর্ভূক্ত করা হবে। যুগ্মসচিব (প্রশাসন) বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে প্রতিটি দপ্তর/সংস্থা থেকে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিযুক্ত করার জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন।

সম্প্রতি পায়রা বন্দরের উন্নয়নমূলক বিষয়াদি প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার জন্য চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০৩। **সিদ্ধান্ত:**

(ক) বার্ষিক প্রতিবেদন-২০২১ এর সংগ্রহীত খসড়াটি উপসচিব (প্রশাসন-১)/সিনিয়র সহকারী সচিব(পরিকল্পনা-২) যাচাই করে ফরমেট অনুযায়ী সকল দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কমIIকর্তাদের নিকট ই-মেইলে প্রেরণ করবে এবং পুন:সংশোধিত খসড়া প্রতিবেদন সংগ্রহ করবে।

(খ) প্রতিটি দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে Milestone Achievement এর ছবি প্রতিবেদনে অন্তভূক্তির জন্য সবনিম্ন 300dpi রেজুলেশন সমৃদ্ধ ছবি Google Drive/Whatsapp-এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

(গ) প্রতিবেদনে মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার প্রাতিষ্ঠানিক লগো ও মুজিববর্ষের লগো অন্তর্ভুক্ত থাকবে।

(ঘ) প্রতিটি দপ্তর/সংস্থা তাদের সরকারের নির্বাচনী ইশতেহার অনুসারে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করবে।

(ঙ) প্রতিবেদনে মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার চলমান অর্জনসমূহ, সমস্যা এবং ভবিষ্য কমপরিকল্পনা অন্তর্ভূক্ত করবে।

(চ) নতুন ৪টি মেরিন একাডেমী (সিলেট, পাবনা, বরিশাল ও রংপুর) তাদের অর্জিত কার্যক্রম বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য তথ্য/উপাত্ত প্রেরণ করবে।

০৪। **কমিটি গঠন: (বার্ষিক প্রতিবেদন ২০২১ প্রণয়ন কমিটি):**

| | | | |
|---|---|---|---|
| i. | অতিরিক্ত সচিব (প্রশাসন) | - | আহব্বায়ক |
| ii. | অতিরিক্ত সচিব (উন্নয়ন) | - | সদস্য |
| iii. | অতিরিক্ত সচিব (সংস্থা-২) | - | সদস্য |
| iv. | অতিরিক্ত সচিব (সংস্থা-১) | - | সদস্য |
| v. | যুগ্মসচিব (প্রশাসন) | - | সদস্য |
| vi. | উপসচিব(উন্নয়ন-১) | - | সদস্য |
| vii. | সিনিয়র সহকারী সচিব(পরিকল্পনা-২) | - | সদস্য |
| viii. | উপসচিব(প্রশাসন-১) | - | সদস্য সচিব |

০৫। **কার্যপরিধি :**

(ক) কমিটি নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২১-২২, প্রণয়ন ও প্রকাশনা করার লক্ষ্যে সার্বিক কার্যক্রম সম্পন্ন করবে যা বার্ষিক প্রতিবেদন ২০২১ শিরোনামে প্রকাশিত হবে।

(খ) কমিটি তথ্য সংগ্রহের জন্য প্রয়োজনীয় ফরম প্রণয়ন করবে।

(গ) সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে প্রকাশনার কাজ সমাপ্ত করতে হবে।

(ঘ) কমিটি প্রয়োজনে অন্যান্য সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৬। সকল দপ্তর সংস্থা ছক অনুযায়ী তথ্য প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে কমিটির নিকট প্রেরণ করবে।

০৭। প্রতিটি দপ্তর/সংস্থা থেকে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিযুক্ত করে ০৮/০৯/২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়/কমিটি-কে অবহিত করবে।

০৮। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

স্বাক্ষরিত/-
০৬/০৯/২০২২
(মোঃ মোস্তফা কামাল)
সচিব

নং-১৮.০০.০০০০.০১৬.১৬.০১৪.২১- ৪৫২ তারিখ: ০৮.০৯.২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান- জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/ বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বন্দর/সংস্থা-১/সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব, উন্নয়ন/পরিকল্পনা/প্রশাসন ও বাজেট/টিএ/টিসি/বিএসসি/জাহাজ/চবক ও বাস্থবক/মোবক ও পাবক, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/বরিশাল/সিলেট/পাবনা/রংপুর।
৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, ডাকঘর বন্দর, চট্টগ্রাম।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৯। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮/৯/২০২২

এস এম হুমায়ুন কবির সরকার
উপসচিব(প্রশাসন)
ফোন: ৫৫১০০৯৩৬